



গাজীপুর সিটি কর্পোরেশন
নগর ভবন
প্রশাসন শাখা
gcc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ৪৬.১৯.০০০০.০০৪.১৮.০০৩.২০. ৬৭২

তারিখ : ৬০ অগ্রহায়ণ ১৪২৯
১৫ ডিসেম্বর ২০২২

বিষয় : কারণ দর্শানোর নোটিশ।

সূত্র : ১। অত্র অফিসের স্মারক নং ৪৬.১৯.০০০০.০০৪.১৮.০০৩.২০.৫০৫

তারিখ: ১৮/১০/২০২২খ্রি:

২। অত্র অফিসের স্মারক নং ৪৬.১৯.০০০০.০০৪.১৮.০০৩.২০.৫৮২

তারিখ: ৩১/০৮/২০২২খ্রি:

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্তয়ের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর সিটি কর্পোরেশনের রোড রোলার চালক জনাব মোঃ সাখাওয়াত হোসেন (বর্তমান ভারপ্রাপ্ত মেয়র মহোদয়ের প্রটোকল গাড়ী চালক) এর চাকরির ব্যক্তিগত নথি ও সার্ভিস বহি পাওয়ার আবেদনের শ্রেক্ষিতে আপনাকে উক্ত কর্মচারীর চাকরির ব্যক্তিগত নথি ও সার্ভিস বহির তথ্য প্রদান সংক্রান্ত মতামত দেয়ার জন্য ১নং সূত্রোক্ত স্মারকে পত্র দেয়া হয় এবং ২নং সূত্রোক্ত স্মারকপত্রে জনাব বজলুর রশিদ রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ) কে পত্র দেয়া হয়।

উক্ত পত্রের শ্রেক্ষিতে আপনি নিম্নরূপ লিখিত মতামত প্রদান করেনঃ

১। সাবেক গাজীপুর পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নথি কর আদায়কারী ও বর্তমানে সিটি কর্পোরেশনের রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ) জনাব কাজী বজলুর রশিদ সংরক্ষণ ও উপস্থাপন করতেন। জনাব বজলুর রশিদ ২নং সূত্রোক্ত স্মারকের জবাবে তা স্বীকার করেছেন।

২। গাজীপুর পৌরসভা থাকাকালীন এবং সিটি কর্পোরেশনে প্রতিষ্ঠিত হওয়ার পর কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নথি ও সার্ভিস বহি মৌখিকভাবে বুঝিয়ে দেয়ার জন্য বলেছেন। বজলুর রশিদ লিখিত ভাবে বুঝিয়ে না দিয়ে মৌখিকভাবে বুঝিয়ে দিয়েছেন। সে ভাবেই কার্যক্রম চালিয়ে আসছেন। যা বর্তমানে তারই ধারাবাহিকতায় প্রশাসন শাখার নথি পত্র সংরক্ষিত আছে।

৩। রোড রোলার চালক জনাব মোঃ সাখাওয়াত হোসেন কে ৩১/০১/২০০৮খ্রিঃ তারিখ চাকরি থেকে বরখাস্ত করার সময় নথি পত্র জনাব বজলুর রশিদ এর নিকট ছিল, আপনি তখন দায়িত্বে ছিলেন না মর্মে লিখিতভাবে জানিয়েছেন। জনাব সাখাওয়াত হোসেন এর অভিযোগ তার ব্যক্তিগত নথি ও সার্ভিস বহি আপনার নিকট ছিল এবং যখন তাকে বরখাস্ত করা হয় তখন আপনি দায়িত্বে ছিলেন এবং তার নথি পত্র আপনিই উপস্থাপন করেছেন। যার প্রমাণস্বরূপ তৎকালীন নোট সিটের কিছু অংশবিশেষ জনাব বজলুর রশিদ তার জবাব পত্রের সাথে দাখিল করেন যাহাতে আপনার স্বহস্তে লেখা নোট এবং স্বাক্ষর বিদ্যমান রয়েছে। কিন্তু আপনি বরাবরই অস্বীকার করে আসছেন আপনি তখন দায়িত্বে ছিলেন না, জনাব সাখাওয়াত হোসেন এর ব্যক্তিগত মূল নথি ও সার্ভিস বহি আপনার হেফাজতে ছিল তার এই দাবীকে আপনি সঠিক নয়, কি তথ্য প্রমাণের ভিত্তিতে আপনার নাম উল্লেখ করেছে তা আপনার জানা নেই ইত্যাদি উল্লেখ করেছেন। দায়িত্বশীল পদে কর্মরত থেকে এরূপ অসদাচরণ মোটেই গ্রহণযোগ্য নয়।


আপনার লিখিত বক্তব্য, জনাব বজলুর রশিদ এর লিখিত বক্তব্য এবং জনাব সাখাওয়াত হোসেনের লিখিত অভিযোগসহ অন্যান্য প্রমাণাদি এটাই প্রমাণ করে যে, আপনি জনাব নেজামুল হক চাকরি জীবনের সবচেয়ে মূল্যবান সম্পদ গুরুত্বপূর্ণ ডকুমেন্ট ব্যক্তিগত নথি ও চাকরি বহি নিয়ে অসংগত, ভিত্তিহীন, হযরানিমূলক অসত্য বক্তব্য দ্বারা কর্তৃপক্ষকে বিভ্রান্ত ও প্রতারণা করেছেন। অসং উদ্দেশ্যে জনাব সাখাওয়াত হোসেনের মূল ব্যক্তিগত নথি ও সার্ভিস বহি গোপন করে রেখেছেন অথবা এ সংক্রান্ত তথ্যাদি আপনার গোচরভূত রয়েছে।

একজন চাকরিজীবির জীবনের সবচেয়ে মূল্যবান সম্পদ ব্যক্তিগত নথি ও সার্ভিস বহি অফিস থেকে হারিয়ে ফেলা বা উধাও করে দেয়া অসদাচরণ, উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ এবং কর্তব্যে অবহেলা প্রদর্শনের সামিল।

জনাব নেজামুল হক প্রশাসন শাখার গুরুত্বপূর্ণ দায়িত্বে থাকা অবস্থায় এরূপ কার্যকলাপে কেন আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপিল) বিধিমালা ২০১৮ বিধি-২ এর উপবিধি (খ) এবং (খ) এর দফাসমূহের আলোকে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না তার যথোপযুক্ত কারণ নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে দর্শানোর জন্য বলা হ'ল। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি : ১। চাকরির ব্যক্তিগত নথি ও সার্ভিস বহির তথ্য সম্পর্কিত তার জবাব ৩ (তিন) পাতা।

২। জনাব বজলুর রশিদের লিখিত জবাব --২(দুই) পাতা।



মো: আব্দুল হাম্মান

(উপসচিব)

সচিব

গাজীপুর সিটি কর্পোরেশন

টেলিফোন : ০২-৪৯২৭৩১১২

E-mail: secretary@gcc.gov.bd

জনাব নেজামুল হক
প্রশাসনিক কর্মকর্তা
অঞ্চল-৭, গাজীপুর সিটি কর্পোরেশন

অনুলিপি :

- ১। বিভাগীয় প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
- ৩। মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। শাখা প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
- ৭। প্রোগ্রামার, গাজীপুর সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে প্রকাশের জন্য)